ফেসবুক লাইভে এসে প্রধানমন্ত্রীকে গালি দেওয়া তালেবকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ

মেহেরপুরের গাংনী উপজেলার গাড়াবাড়ীয় গ্রামে ফেসবুক লাইভে এসে প্রধানমন্ত্রীকে গালি দেওয়া আবু তালেবকে গ্রেফতার করেছে ডিবি পুলিশ।

ডিবির ওসি সাইফুল আলমের নেতৃত্বে ২দিন ধরে ডিবির একটি টিম যশোর, চুয়াডাঙ্গা ও মেহেরপুরের কয়েকটি গ্রামে অভিযান চালানোর পর বুধবার রাত সাড়ে ৯টার দিকে গাংনী উপজেলার সহগলপুর থেকে তাকে গ্রেফতার করতে সক্ষম হয়।

ডিবির ওসি সাইফুল আলম বলেন, আবু তালেব শনিবার রাতে তেলের দাম বৃদ্ধি হওয়ায় নিজ ফেসবুক আইডিতে লাইভে এসে প্রধানমন্ত্রীকে উদ্দেশ্যে করে গালিগালাজ করে। যা রাষ্ট্রদ্রোহ অপরাধের শামিল।

উর্ধতন কর্মকর্তাদের নির্দেশে তাকে গ্রেফতারের জন্য দুই দিন ধরে তাকে যশোর, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলায় অভিযান চালানো হয়। পরে গাংনী উপজেলার সহগলপুর থেকে তাকে আটক করে প্রথমে ডিবি কার্যালয়ে এবং পরে গাংনী থানায় সোপর্দ করা হয়।

এ ঘটনায় গাংনী থানায় ডিজিটাল নিরাপত্তা আইন এবং রাষ্ট্রদ্রোহ মামলায় গ্রেফতার দেখানো হয়েছে।

গাংনীতে জাতীয় শোক দিবস পালনে

প্রস্তুতি সভা

মেহেরপুরের গাংনীতে জাতীয় শোক দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতি সভা করেছে উপজেলা আওয়ামী লীগ।

আজ মঙ্গলবার দুপুরে গাংনী উপজেলা অডিটোরিয়ামে এ সভা অনুষ্ঠিত হয়েছে।

অনুষ্ঠানে উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মকলেছুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর-২ গাংনী আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামীলীগের সভাপতি সাহিদুজামান খোকন।

গাংনী উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান ফারহানা ইয়াসমিন, আওয়ামী লীগ নেতা গোলাম মোস্তফা ও মনিরুজ্জামান মনিসহ আওয়ামী লীগের বিভিন্ন ইউনিটের নেতৃবৃন্দ ও জনপ্রতিনিধি বৃন্দ উপস্থিত ছিলেন।

যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালনের লক্ষ্যে জাতীয় পতাকা উত্তোলন, বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন, শোক র্যালী, মিলাদ মাহফিল ও কাঙালী ভোজ বিতরণ করা হবে।

গাংনীতে বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছার জন্মদিন উদযাপন

মেহেরপুরের গাংনীতে বঙ্গমাতা বেগম শেখ ফজিলাতুন নেছা মুজিব এঁর ৯২ তম জন্মদিন উদযাপন উপলক্ষে আলোচনাসভা ও দোয়া মহাফিল অনুষ্ঠিত হয়েছে।

আজ সোমবার সকাল ১১ টার সময় গাংনী উপজেলা প্রশাসন ও মহিলা বিষয়ক অধিদপ্তর অনুষ্ঠানের আয়োজন করে।

উপজেলা সম্মেলন কক্ষে আয়োজিত অনুষ্ঠানে উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদ চেয়ারম্যান ও জেলা আওয়ামীলীগের সাধারণ সম্পদক এমএ খালেক। বিশেষ

অতিথি ছিলেন সাবেক সংসদ সদস্য বীর মুক্তিযোদ্ধা মকবুল হোসেন।

এসময় গাংনী উপজেলা কৃষি কর্মকর্তা লাভলী খাতুনসহ সরকারি সকল দপ্তরের কর্মকর্তাবৃন্দ,গাংনী প্রেসক্লাব সাধারণ সম্পাদক মাহাবুব আলম,মহিলা বিষয়ক কার্যালয়ের সকল কর্মকর্তা কর্মচারি,বিভিন্ন সামাজিক ও রাজনৈতিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

আলোচনা শেষে দোয়া পরিচালানা করেন উপজেলা জামে মসজিদের পেশ ইমাম হাফেজ মাওলানা রুহুল আমিন।

গাংনীতে ঋণ ও নারী নির্যাতন মামলায় ২ জন গ্রেফতার

নারী নির্যাতন মামলার এজাহার নামীয় ১ নং আসামি শিমুল হোসেনকে গ্রেফতার করেছে গাংনী থানা পুলিশ।

শিমুল গাংনী উপজেলার হিন্দা গ্রামের পশ্চিমপাড়া এলাকার ফজলুর রহমানের ছেলে। ২০০০ সালের নারী ও শিশু নির্যাতন দমন আইন সংশোধিত (২০০৩) এর ১১(খ)ধারায় দায়ের হওয়া মামলায় আদালত তার নামে গ্রেফতারী পরোয়ানা জারী করে। এছাড়া ঋণ পরিশোধ না করায় এনজিও সংস্থার দায়ের করা মামলায় গাংনী উপজেলার হাড়াভাঙ্গা গ্রামের রবিউল ইসলামের স্ত্রী গোলেনুর খাতুনকে গ্রেফতার করা হয়েছে।

শানিবার দিবাগত মধ্যরাতে তাদের বাড়িতে পৃথক দুটি অভিযান চালিয়ে এই দুই আসামী গ্রেফতার করা হয়।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) মাসুদের নেতৃত্বে এসআই রাতুল, এসআই আশিক, এএসআই জান্নাতুল বাকী ও সঙ্গীয় ফোর্সসহ অভিযান চালিয়ে এসব আসামীদের গ্রেফতার করেন।

এসআই মাসুদ জানান, গ্রেফতারকৃতদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

[redacted]

[redacted]

ভুক্তভোগী বলেন, ডাক্তার এমকে রেজা দীর্ঘদিন যাবৎ টাকার বিনিময় একই ধরণের সার্টিফিকেট প্রদান করে আসছেন।তার ইওসি এবং পিজিটি কোর্স করা আছে বললেও এখন পর্যন্ত সে কোনো সার্টিফিকেট কাউকে দেখাতে পারেনি।

গাংনীতে ধারালো অস্ত্রের আঘাতে ২টি আঙ্গুল হারালেন কৃষক

জমি সংক্রান্ত বিরোধের জের ধরে প্রতিপক্ষের ধারালো অস্ত্রের আঘাতে হাতের দুটি আঙ্গুল হারালেন কৃষক হাবিবুর রহমান (৫৫)। হাবিবুর রহমান গাংনী উপজেলার মহাম্মদপুর গ্রামের বাজারপাড়া এলাকার মৃত রেজাউল হকের ছেলে।
বৃহস্পতিবার দিবাগত রাত ১১ টার দিকে এ হামলার ঘটনা ঘটে।
আহত হাবিবুর রহমান বর্তমানে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসাধীন রয়েছেন।
হাবিবুর জানান ক্রয়কৃত জমির দখল নিয়ে প্রতিপক্ষ সাদ্দাম হোসেন ও তার অন্যান্য ভাইদের সাথে বিরোধ চলে আসছিল। একই লোকের কাছ থেকে হাবিবুর রহমান ও প্রতিপক্ষ সাদ্দাম হোসেন জমি কিনেছেন। দুজন আলাদা আলাদা দাগে জমি কিনলেও হাবিবুর রহমানের কেনা দাগে দখল নিয়ে দুপক্ষের মধ্যে বিরোধ সৃষ্টি হয়।
গতরাত ১১ টার দিকে হাবিবুরকে একা পেয়ে প্রতিপক্ষ সাদ্দাম হোসেনের নেতৃত্বে তার ভাই খাদিমুল ইসলাম,প্রতিবেশী পাপ্পু হোসেন, সাইদুলসহ অন্যান্যরা ধারালো অস্ত্র দিয়ে
কুপিয়ে রক্তাক্ত জখম করে। এসময় তার শরীরের বিভিন্ন অংশ রক্তাক্ত জখম হওয়ার পাশাপাশি ধারালো অস্ত্রের আঘাতে ডান হাতের ২টি আঙ্গুল কেটে বিচ্ছিন্ন হয়ে যায়। গাংনী উপজেলা হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) মারুফ হাসান বলেন, তার হাতের দুটি আঙ্গুল বিচ্ছিন্ন হয়েছে।
গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক বলেছেন, এঘটনায় মামলা দিলে আইনে ব্যবস্থা নেয়া হবে।
এ ঘটনায় হাবিবুর রহমান মামলার প্রস্তুতি নিচ্ছেন।

গাংনীতে প্রবাস ফেরতের বাড়ির সামনে থেকে দুটি হাতবোমা ও চিরকুট উদ্ধার

গাংনী পৌর এলাকার চৌগাছা গ্রামের প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ি সংলগ্ন দোকানের সামনে থেকে দুটি হাতবোমা উদ্ধার করেছে গাংনী থানা পুলিশ।

আজ বৃহস্পতিবার (৪ আগষ্ট) সকাল সাড়ে ৮ টার সময় হাতবোমা দুটি উদ্ধার করে পানি ভর্তি বালতিতে করে নিয়ে যান পুলিশ। এসময় হাতবোমার নিচ থেকে একটি চিরকুট উদ্ধার হয়েছে।

চিরকুটে লেখা আছে, ‘এই শোন আনেচ তুই না জেনি, না বুইঝি আমাদের নাম দিচ্ছিস, তোর বংশো নিরবংশো করি দিবো। যদি আমাদের কোনো হ্মতি হয়।পারলে তুই ঠেকিয়ে নিস। আর যদি বাচতে চাষ তাহলে ভালো হয়ে যাহ’ এভাবেই চিরকুট ও লাল কচটেপ মোড়ানো দুটি হাতবোম প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ির সামনে রেখে গেছে দূর্বৃত্তরা।

গাংনীতে প্রবাস ফেরতের বাড়ির সামনে
থেকে উদ্ধার হওয়া চিরকুট

গাংনী থানা পুলিশের উপপরিদর্শক (এসআই) আব্দুল জলিল হাতবোমা দুটি উদ্ধার করেন।

প্রবাস ফেরৎ আনিছুর জানান, সম্প্রতি আমার ভাই তখলেছুরের তিনটি গরু গোয়াল ঘর থেকে চুরি করে নিয়ে যায় চোরের দল। গরু তিনটি নিয়ে যাওয়ার সময় দুটি গরু পালিয়ে আসে। এর মধ্যে একটি বড় গাভি নিয়ে যায় চোরের দল। এঘটনায় আনিছুর ও তখলেছুর পুলিশকে জানানোর পাশাপাশি বিভিন্নভাবে খোঁজ খবর নিচ্ছেন। আর এতেই হ্মিপ্ত হয়ে বোম ও চিরকুট রেখেছে দূর্বৃত্তরা।

গাংনী পৌরসভার স্থানীয় কাউন্সিলর সামিউল ইসলাম বলেন, একটি বড় বোসের সাথে ছোট আরেকটি বোম লাল কসটেপ মোড়ানো রয়েছে। ভয়ভীতি দেখানোর জন্যই হয়তো এটি করেছে দূর্বৃত্তরা।

গাংনী থানার উপপরিদর্শক (এসআই) আব্দুল জলিল জানান, বাড়ির মালিকের দেয়া সংবাদের ভিত্তিতে লাল কসটেপ মোড়ানো দুটি বোমা প্রবাস ফেরৎ আনিছুরের বাড়ি সংলগ্ন দোকানের দরজার সামনে থেকে উদ্ধার করা হয়েছে। নিরাপত্তার জন্য বোমা উদ্ধার করে পানি ভর্তি বালতিতে ভরে থানায় নেয়া হয়েছে। এখন এঘটনায় জড়িতদের সনাক্তকরণ করতে পুলিশ কাজ করবে।

মেহেরপুরে দুই বেপরোয়া গতির মোটরসাইকেল কেড়ে নিল কলেজ ছাত্রের প্রাণ

দুই মোটরসাইকেলের বেপরোয়া গতি কেড়ে নিলো কলেজ ছাত্র ইমন হোসেনের (২০) জীবন। এঘটনায় জুল হোসেন (২২) ও মিঠু (২২) নামের আরো দুই যুবক আহত হয়েছেন। আহতদের কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

নিহত ইমন গাংনী উপজেলার গাঁড়াবাড়িয়া গ্রামের বাসিন্দাপাড়া এলাকার ইসলাম আলীর ছেলে সে মেহেরপুর পৌর কলেজের একাদশ শ্রেনীর ছাত্র। আহতরা হলেন, গাঁড়াবাড়িয়া গ্রামের বাসিন্দাপাড়া এলাকার ইয়াসিন আলীর ছেলে জুল হোসেন (২২) ও মেহেরপুর সদর উপজেলার কুলবাড়িয়া গ্রামের মতলেব হোসেনের ছেলে শিলন (১৭)।

আহত শিলন কুলবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয় থেকে চলতি বছরের এসএসসি পরীক্ষার্থী। বুধবার বিকাল সাড়ে ৫ টার সময় গাঁড়াবাড়িয়া-কাথুলি সড়কের জালালের পাকড়তলা নামক স্থানে বিপরীত থেকে আসা দ্রুতগামী দুই মোটরসাইকেলের মুখোমুখি সংঘর্ষ হয়। সংঘর্ষে দুই মোটরসাইকেলের তিন আরোহী মারাত্বক আহত হয়।

আহতদের উদ্ধার করে প্রথমে মেহেরপুর ২৫০ শয্যার জেনারেল হাসপাতালে নেন। পরে তাদের অবস্থার অবনতি হলে তিনজনকেই কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন চিকিৎসক। কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়ার সময় মিরপুরের মধ্যে মারা যায় ইমন।

পারিবারিক সূত্রের বরাত দিয়ে স্থানীয় কাথুলি ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানা এ তথ্য নিশ্চিত করেছেন। গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক বলেন, খবর পাওয়া গেছে। পুলিশের একটি টীম ঘটনাস্থলে যাচ্ছে।

গাংনীতে আগষ্ট মাস উপলক্ষে শোক দিবসের প্রস্তুতি সভা

৫ ই আগস্ট বীর মুক্তিযোদ্ধা শেখ কামালের ৭৩ তম জন্মবার্ষিকী, ৮ ই আগস্ট বঙ্গমাতা বেগম ফজিলাতুন্ নেছা মুজিব এর ৯২ তম জন্মবার্ষিকী ও স্বাধীনতার স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭ তম শাহাদত বার্ষিকী ও জাতীয় শোক দিবস ২০২২ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

গাংনী উপজেলা প্রশাসন আয়োজনে আজ বুধবার (৩ আগষ্ট) সকাল ১১ টার সময় উপজেলা নির্বাহী অফিসারের সম্মেলন কক্ষে এ প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী অফিসার মৌসুমী খানমের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় বক্তব্য রাখেন সাবেক এমপি মকবুল হোসেন, গাংনী পৌর সভার মেয়র আহম্মেদ আলী, গাংনী সরকারী ডিগ্রী কলেজের অধ্যক্ষ মনিরুল ইসলাম, গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, গাংনী উপজেলা পরিষদের মহিলা ভাইসচেয়ারম্যান ফারহানা ইয়াসমীন, গাংনী পৌর আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আনারুল ইসলাম বাবু, মেহেরপুর-২ আসনের জাতীয় সংসদ সদস্যের প্রতিনিধি মনিরুজ্জামান আতু, আওয়ামীলগি নেতা শহিদুল ইসলাম শাহ, গাংনী

উপজেলা প্রেসক্লাবের সভাপতি আমিরুল ইসলাম অল্ডাম, বিশিষ্ট সাংস্কৃতিক কর্মী আজিজুল হক রানু।

এছাড়া সরকারী দপ্তরের কর্মকর্তা, বিভিন্ন সামাজিক সাংস্কৃতিক সংগঠণের নেতৃবৃন্দ, শিক্ষক, সাংবাদিক ও বিভিন্ন শ্রেনী পেশার মানুষ উপস্থিত ছিলেন।

গাংনীর কাথুলী-খাসমহল সড়ক নির্মাণে অনিয়মের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী-খাসমহল বিওপি সড়ক নির্মাণের কাজে নিম্মমানের ইট ব্যবহারের অভিযোগ উঠেছে। বিভিন্ন ইটভাটা থেকে অযোগ্য আমা আদলা ইট দিয়ে নির্মাণ করা হচ্ছে সাড়ে ৩ কোটি টাকা ব্যায়ে রাস্তা নির্মাণের উন্নয়ন কাজ।

সংশ্লিষ্ট প্রকৌশলীদের যোগ সাজসে ঠিকাদারী প্রতিষ্ঠান মেসার্স জনি এন্টার প্রাইজের স্বতাধিকারী সাহাবাজ উদ্দীন এই নিম্নমানের কাজ করছেন। তবে, জনি এন্টার প্রাইজের সত্বাধিকারী সাহাবাজ উদ্দীন বলেন, রাস্তা নির্মাণে কোনো অনিয়ম করা হয়নি, ভাল ইট দিয়েই কাজ করছি।

স্থানীয় সরকার প্রকৌশল (এলজিইডি) অধিদপ্তরের তত্বাবধানে গাংনী উপজেলার কাথুলি থেকে খাসমহল পর্যন্ত প্রায় সোয়া তিন কিলোমিটার রাস্তা নির্মাণ কাজ চলছে। এই প্রকল্পে বরাদ্দ ৩ কোটি ৪৫ লক্ষ টাকা প্রায়।

সরেজমিনে গিয়ে দেখা গেছে, বিভিন্ন ইটভাটা থেকে কুড়ানো ভাঙড়ি আমা ইট এনে একটি পাটের জমির পাশে জড়ো করেছে ঠিকাদার প্রতিষ্ঠানটি। রাস্তাটিতে সিডিউল অনুযায়ী গভীর করা হয়নি। এছাড়া নিম্নমানের বালির সাথে মেশানো হয়েছে মাটি। কাজের মান বুঝে নেওয়ার জন্য একজন উপসহকারী প্রকৌশলী ও ওয়ার্ক এ্যাসিসটেন্ট বা এলজিইডি অফিসের লোকজন সার্বক্ষনিক থাকার কথা সরেজমিনে এলজিইডির কোনো কর্মকর্তা বা কর্মচারীকে প্রকল্পের কাছে দেখা যায়নি। সেখানে শুধু

ঠিকাদারী প্রতিষ্ঠানের সাইড দেখভাল করার জন্য নিয়োজিত আলম হোসেন নামের একজনকে পাওয়া গেছে।

আলম হোসেন বলেন, লেবারদের দেখা শোনা ও মালামাল ঠিকঠাক করে রাখা আমার দায়িত্ব। আমি কাজের ব্যাপারে কোনো কিছু বলতে পারবোনা।

স্থানীয়দের অভিযোগ, শুরু থেকেই ফাঁকি দিয়ে করেছে রাস্তাটির নির্মাণ কাজ। প্রথম দিকে ঠিকাদার ও এলজিইডির দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের বলার পরেও তারা কোনো কর্ণপাত করেননি।

রাস্তার বিএমডাব্লিউ করার সময় মানহীন ইট ও গুড়ো ইটের রাবিশ দিয়ে করার কারনে গ্রামবাসি কাজে বাধা দেন। ফলে কিছুদিন কাজটি বন্ধ হয়েছিল। ঠিকাদার, গ্রামের মানুষের তোপের মুখে পড়েন। ওই সময় সামান্য কিছু ইট সরিয়ে নেন ঠিকাদার। পরে আবারো সংশ্লিষ্ট প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীর যোগসাজসে নিম্নমানের ইট দিয়েই কাজ শুরু করে পূণরায়। কাজটিতে রুলার দিয়ে কমপেকশন করাও হয়নি ঠিকমত।

স্থানীয়রা অভিযোগ করেন, মানুষের চোখ ফাঁকি দিতে রাতের আধারে বিভিন্ন ইটভাটা থেকে তারা আদলা ইট নিয়ে এসে তড়ি ঘড়ি করে কাজটি শেষ করার পায়তারা করছে।

কাথুলীর যুবক পলাশ ও হাসান আলী বলেন, কমা ও গুইড়ু ইট দিয়ে এই রাস্তার নির্মাণ কাজ করা হচ্ছে। এখানে কাজের সাইনবোর্ড দেওয়ার কথা থাকলেও দেওয়া হয়নি। ঠিকাদারের লোকজনের মধ্যে একটা মাস্তানি ভাব পরিলক্ষিত হয়। কেউ এ কাজের প্রতিবাদ করার সাহস পায় না। কাজের মান যাছাইয়ের জন্য সংশ্লিষ্ট বিভাগের উর্দ্ধতন কর্তৃপক্ষের কাছে কাছে দাবীও জানান তারা।

ধলা গ্রামের রফিকুল ইসলাম নামের এক কৃষক বলেন, বাজে ইট দিয়ে রাস্তাটি তৈরী হচ্ছে। এর আগে খুড়াখুড়ি করে দীর্ঘদিন ফেলে রেখেছিল ঠিকাদার। ভোগান্তিতে এলাকার মানুষ অতিষ্ট হয়ে পড়েছিল। মানুষের ভোগান্তি থেকে বাঁচতে এখন বলছে খারাপ করে হলেও রাস্তাটি হোক এটা চাই।

জনি এন্টারপ্রাইজের স্বতাধীকারী ঠিকাদার সাহাবাজ উদ্দীনের কাছে কাজের বরাদ্দের পরিমাণ জানতে চাইলে তিনি বলেন, ২ কোটি ৪০ লাখ টাকা ব্যায়ে ওই রাস্তাটির নির্মাণ কাজ চলছে। নিম্নমানের ইট, বালির সাথে মাটি মেশানো ও নিম্নমানের উপকরণ ব্যবহার করা হচ্ছে এ

প্রসঙ্গে তিনি বলেন, এটা সত্য নয়। প্রতিবেদকের সাথে তিনি দেখা করারও প্রস্তাব দেন।

কার্য্য সহকারী (ওয়ার্কি এসিসটেন্ট)মহিদুল ইসলামকে কাজের সাইটে পাওয়া যায়না কেনো জানতে চাইলে তিনি কোনো জবাব দেননি। তবে কত টাকার কাজ জানতে চাইলে তিনি বলেন, কাজটি সোয়া তিন কিলোমিটার। এই কাজের জন্য বরাদ্দ ৩ কোটি ৪৫ লাখ টাকা।

উপসহকারী প্রকৌশলী আলাউদ্দীনের কাছে কাজ সমন্ধে প্রশ্ন করা হলে তিনি বলেন, ওই প্রকল্পের দায়িত্ব আমার থাকলেও আমার কাছে কোনো কাগজপত্র নেই। সব কিছুই আছে উপজেলা প্রকৌশলী স্যারের কাছে।

গাংনী উপজেলা প্রকৌশলী ফয়সাল আহম্মেদ বলেন, আমি ঢাকাতে আছি। গাংনীতে ফিরেই বিষয়টি দেখবো। কোজের মান নিয়ে গ্রামবাসির ক্ষোভ ও সাংবাদিকদের সরেজমিনে গিয়ে কাজের মান ও ইটের বিষয়ে তাকে বললে আমি এখনি কাজ বন্ধ করে দিচ্ছি। তবে প্রকল্পটি দেড় কোটি টাকার বলে উল্লেখ করেন তিনি। এ ব্যাপারে মেহেরপুর নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামানকে একাধিকবার কল দিলেও তিনি কল রিসিভ করেননি।

জেলা ও উপজেলা এলজিইডি অফিস রাস্তাটি নির্মাণের কোনো কাগজপত্র দেননি। এছাড়া রাস্তাটি নির্মাণের বরাদ্দের ব্যাপারে তিনজন তিন ধরণের তথ্য দিয়েছেন প্রতিবেদককে।

স্থানীয়দের ধারণা, এলজিইডির নির্বাহী প্রকৌশলী, গাংনী উপজেলা প্রকৌশলী ও ঠিকাদারের যোগসাজসে রাস্তাটিতে নিম্নমানের এসব উপকরণ ব্যবহার করে নির্মাণ করা হচ্ছে। ঠিকাদার কাজ না করেও বিল প্রদানের অভিযোগ রয়েছে নির্বাহী প্রকৌশলী আসাদুজ্জামানের বিরুদ্ধে।